

অন্তি ১.৩ JAN 1967



উপজেলা পরিক্রমা

রামপাল

রামপাল (বাগেরহাট), ২২ জানুয়ারী
(সংবাদদাতা)।— বাগেরহাট জেলার
রামপাল একটি উপজেলা। প্রখ্যাত মনীষী
রাম ও শ্যাম দুই ভাইয়ের নামানুসারে এই
উপজেলার নামকরণ হয় “রামপাল”।
রামপাল উপজেলা বাগেরহাট জেলার
দক্ষিণ-পশ্চিমে ২০ কিলোমিটার দূরে
অবস্থিত। রামপাল উপজেলার উত্তরে
ককিবহাট উপজেলা, দক্ষিণে মো঳া
উপজেলা, পূর্বে মোরগঞ্জ উপজেলা ও
পশ্চিমে দাকোপ এবং বাটিয়াখাড়ী
উপজেলা।

এ উপজেলার আয়তন ১২২.৭৬
বর্গমাইল। লোকসংখ্যা ১,৪৪,৯৯২ জন।

যোগাযোগ ব্যবস্থা
রামপাল উপজেলার যোগাযোগ ব্যবস্থা
অনুমত। এখনও জেলা সদরের সাথে
উপজেলা সদরের জেলা বোর্ডের ভায়া
গিতাতলা রাস্তাটি মানুব চলাচলের
অযোগ্য রয়েছে।

রামপাল উপজেলার মোট ৫৯৬ মাইল
রাস্তা আছে। উপজেলা সদর থেকে
জেলা সদরে যেতে হলে খুলনা হয়ে
বাগেরহাটে পৌছাতে হয়। উপজেলা
সদরে একটি বাস স্টান্ড আছে।
মোট চিকিৎসা ব্যবস্থা
মোট নলকুপের সংখ্যা ১০১টি। গভীর
নলকুপ ৬টি, অগভীর নলকুপ ৮৯৫টি।
উপ-হেলথ কমপ্লেক্স ১টি,
উপ-হেলথ কমপ্লেক্স ১টি, পরিবার
পরিকল্পনা ক্লিনিক ৪টি, ফার্মেসী ১০১টি,
হেমিপ্র-ডাক্তারখানা ৮০টি, দাতব্য
জিঙ্কিছোলয় ১টি, স্বাস্থ্য কেন্দ্রে এক্সেরে
মেশিন, এ্যাম্বুলেন্স ও পানি সরবরাহের
কেন ব্যবস্থা নেই।

শিল্প ব্যবস্থা
রামপাল উপজেলায় পাকিস্তান আমলে
বাকইপাড়ায় (হরিখোলায়) ও চিন্তাতলায়
২টি বস্ত্র শিল্প ছিল। সম্প্রতি কর্তৃপক্ষের

কালোবাজারিতে শিল্প ২টি ধ্বংস হয়েছে।
অঙ্গীতে লবণ শিল্প ছিল তারও আজ চিহ্ন
নেই। বর্তমানে রামপাল উপজেলা শিল্পে
নাজুক। এখানে রাইস মিল ৩০টি, করাত
মিল ৮টি, বরফ কল (আইসক্রিম) ৫টি,
তেল মিল ৮টি, আটা মিল ১০টি ও কুটির
শিল্প ১টি আছে।

কৃষি ব্যবস্থা
রামপাল উপজেলার অধিকাংশ লোক
ভূমিহীন কৃষিজীবি। এখানে লবণ পানির
ভীষণ চাপ। অবদা ভেড়ি ধার্ধের অভাব
সেচ প্রকল্প নেই। উপজেলার কৃষিজাত
ফসল ধান (আমন), নারিকেল, সুপারী,
কলা, তাল, আম, জাম, কাঠাল, লিচু
প্রভৃতি ফসল। উপজেলাতে ভেড়ি ধার্ধের
অভাবে ‘দো’ ও ‘তে’ ফসল উৎপন্ন হয়
না। কৃষকরা অধিক খাদ্যশস্য উৎপাদনে
আগ্রহী কিন্তু ভেড়ি ধার্ধের অভাবে তাদের
আগ্রহে দিন দিন ভাটা পড়েছে। এ
উপজেলায় মোট ১৮,৫৩৪ একর জমি
আছে। আবাদী ৫,৯০০ একর ও
অনাবাদী ১৪০ একর।

শিক্ষা ব্যবস্থা
রামপাল উপজেলায় শতকরা ৩১.২ জন
লোক শিক্ষিত। ৪ কলেজ ২টি, উচ্চ
মাধ্যমিক বিদ্যালয় ২৪টি, ২টি বালিকা
উচ্চ বিদ্যালয়, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
১৫টি, নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়
৪টি। সিনিয়র মাদ্রাসা ৭টি, দাখিল ৬টি,
ফোরকানিয়া ৩৬টি, এবতেদায়ী ২৯টি,
হাফেজী ৮টি। সরকারী প্রাথমিক
বিদ্যালয় ৭৫টি, বেসরকারী পাবলিক
জাইত্রেরী ১টি, শিক্ষা একাডেমী ১টি ও
শিল্পকলা একাডেমী ১টি আছে।

হাট-বাজার
রামপাল উপজেলায় ছেট-বড় ৪১টি হাট
আছে। হাট-বাজারগুলোতে প্রযোজনীয়
সংস্কার, স্মৃতিরসারণ, চলাচলের জন্য
রাস্তা, পায়খানা ও প্রাবাসীর অভাব